

সিসিএনএফ-এর মাসিক সভার প্রতিবেদন

তারিখ: ২৮শে জুন ২০১৮

স্থান: পালস সাব অফিস, বাজারঘাটা, কক্সবাজার

কক্সবাজার সিভিল সোসাইটি-এনজিও ফোরাম (সিসিএনএফ)-এর মাসিক সভা ২৮ শে জুন ২০১৮ তারিখ, বিকাল ৫টায় পালস বাজারঘাটাস্থ সাব অফিসে অনুষ্ঠিত হয়। সভায় সিসিএনএফ-এর কো-চেয়ার জনাব আবু মোরশেদ চৌধুরী সভাপতিত্ব করেন।



সিসিএনএফ মাসিক সভা। স্থান: পালস সাব অফিস, বাজারঘাটা, কক্সবাজার। তারিখ: ২৮ জুন ২০১৮

আই ও এম-এর সাইট ম্যানেজমেন্ট টিম মেম্বর মিস পূজা সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন। সভায় মোট ১৮ জন এনজিও প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভায় তারা রোহিঙ্গাদের মধ্যে জরুরি ত্রাণ সহায়তা বিষয়ে তাদের নিজনিজ কার্যক্রম ও বর্তমান সমস্যা বিষয়ে নিজেদের মতামত তুলে ধরেন। সভায় সিসিএনএফ-এর সকল উপস্থিত সদস্য নিম্নলিখিত প্রস্তাবাবলি বিষয়ে একমত পোষণ করেন।

১. ক্যাম্পভিত্তিক সেক্টরের সমন্বয় এবং ক্লাস্টারের উন্নয়ন ঘটাতে হবে। দ্বৈততা পরিহারের জন্য ক্যাম্পভিত্তিক জরিপ বা মূল্যায়ন করা প্রয়োজন।
২. ক্যাম্প এলাকায় কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় স্থানের সংকট নিরসনের উপায় বের করা আবশ্যিক।
৩. ক্যাম্পে বসবাসরত মায়নমার শিশু, কিশোর-কিশোরীদের শিক্ষার জন্য একই রকম পাঠ্যক্রম চালুর প্রয়োজনীয়তা বিষয়ে সরকারী পর্যায়ে এডভোকেসি করা প্রয়োজন।
৪. ত্রাণ কার্যক্রমের স্থায়ীত্বের স্বার্থে স্থানীয় কমিউনিটিতে ও ক্যাম্পে সহজে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে স্থানীয় এনজিও-সিবিও-র জন্য একটি সাধারণ তহবিল গঠনের নিমিত্ত দাতা সংস্থার কাছে এডভোকেসি করা প্রয়োজন।
৫. এটাও সাব্যস্ত হয় যে, কোনো আইএনজিও এবং স্থানীয় এনজিও সিসিএনএফ-এর সদস্য হতে পারবে এবং ঝুঁকি মোকাবেলা, মতবিনিময় এবং এডভোকেসির প্রয়োজনে সিসিএনএফ আইএনজিও একসাথে সভা করা হবে।
৬. উচ্চ পর্যায়ের এডভোকেসির লক্ষ্যে সিসিএনএফ-এর পক্ষ থেকে যথাক্রমে ইউ এন সেক্রেটারী জেনারেল, ইউএনএইচসিআর হাই কমিশন এবং বিশ্ব ব্যাংক প্রধান-এর সাথে সাক্ষাত করা হবে। বর্তমান রোহিঙ্গা সংকট এবং স্থানীয় কমিউনিটি সমস্যা বিষয়ে উচ্চ পর্যায়ের ব্যক্তিবর্গের নিকট উপস্থাপনের জন্য একটি স্মারকলিপি তৈরি করা হয়েছে। তা সভায় সকলের সামনে উপস্থাপন করা হয়।

সভার শেষে আই ও এম প্রতিনিধি মিস পূজা ঘোষণা করেন যে, শীঘ্রই স্থানীয় এনজিও-দের সাথে পার্টনারশীপের জন্য স্থানীয় এনজিও-দের নিকট সহজভাবে প্রকল্প প্রস্তাবনা চাওয়া হবে। তিনি আরও জানান, যদি প্রয়োজন হয় স্থানীয় এনজিও-দেরকে প্রকল্প প্রস্তাবনা তৈরির কাজে আই ও এম সহায়তা করবে।



সিসিএনএফ মাসিক সভা। স্থান: পালস সাব অফিস, বাজারঘাটা, কক্সবাজার। তারিখ: ২৮ জুন ২০১৮

সভার শেষ পর্যায়ে সিসিএনএফ-এর কো-চেয়ার জনাব আবু মোরশেদ চৌধুরী ঢাকায় অনুষ্ঠিত সেক্টর এক্সিকিউটিভ গ্রুপ সভায় সিসিএনএফ-এর পক্ষ থেকে উপস্থাপিত প্রস্তাবাবলি সকলের অবগতির জন্য সভায় উপস্থাপন করেন।

তিনি বিশ্ব রিফিউজি দিবস ২০১৮ উপলক্ষে সিসিএনএফ কর্তৃক আয়োজিত ১৯ শে জুন উখিয়া উপজেলা সদরে ও ঢাকায় এবং ২০ শে জুন কক্সবাজার সদরে আলোচনা সভা ও মানববন্ধন সফল করতে সহযোগিতার জন্য অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানান।